From time to time government has been enacting Act and Rules to support continuity of economic development of the country, So that the financial sectors can adapt with the changes keeping uptrend growth of the economy. The enactment of the insurance act 2010 and constitution of Insurance Development and Regulatory Authority are the milestone changes made by the government in recent past. It is a mandatory requirement under the insurance act 2010 to have registration with Insurance Development and Regulatory Authority by all the insurance companies of the country. But it has been observed that some of the NGOs working with micro credits, are providing insurance services. We came to know that the micro credit regulatory Act 2006 has allowed the micro credit financers to provide insurance service. In consequence, our field workers have been facing unexpected barriers and inconvenience at field level to market our micro life insurance policies in different areas. We expect the Insurance Development and Regulatory Authority will initiate proper steps to address this problem and safeguard the interest of low income group people.

The success and financial strength of a life insurance company depends on the size of life fund of the company. The management decides on safe and profitable investment of life fund aiming at forming a solid and stronger financial ability so that the claims and profit of insurance policies could be distributed among the policyholders within stipulated time. After settlement of all insurance claims and

charging of all expenses against revenue, our life fund stood at Tk 2286.67 Crore on reporting date. Besides the company earned Tk 190.45 Crore income from investment in the year 2017 which is satisfactory in context of our investment under prevailing situations.

You would be inspired to know that being a profitable organization 'Popular Life Insurance' never keep it away from performing social responsibilities like education, health, culture, sports and mankind etc. in its own fashion spontaneously.

I would like to express my profound gratitude to all our valued Shareholders, Policyholders, Regulatory bodies and well-wishers of the company who extended their co-operation, suggestions and guidance in running the business successfully. I would also like to record my sincere thanks to the employees of the company for their dedicated services for growth of the company. I finally believe our concerted efforts will keep the enrichment of 'Popular Life Insurance' continued in the days ahead.

Allah Hafez,

Hasan Ahmed
Chairman

বিসমিল্লাহির রাহমানির রাহিম



চেয়ারম্যান মহোদয়ের বক্তব্য

বিস্‌মিল্লাহির রাহমানির রাহিম

চেয়ারম্যান মহোদয়ের বক্তব্য।

পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানীর পরিচালনা পর্ষদের পক্ষ থেকে কোম্পানীর ১৮তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের স্বাগত জানাতে পেরে আমি অত্যন্ত আনন্দিত। প্রতিবছর কোম্পানীর সাধারণ সভায় আপনাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ আমাদেরকে অনুপ্রাণিত করে এবং আগামী দিনগুলোতে আরো উদ্যোমী ও গতিশীল হতে আমাদেরকে উজ্জীবিত করে। আপনাদের এই আন্তরিক সহযোগিতাপূর্ণ সমর্থন ও আস্থা অব্যাহতভাবে আমাদেরকে শক্তি জোগাবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি। এই মহতী সম্মেলনে আপনাদের কোম্পানীর ২০১৭ সালের সার্বিক কর্মকান্ডের বিষয়ে কিছু আলোকপাত করার সুযোগ পেয়ে আমি আনন্দিত।

আমাদের জাতীয় জীবনে ২০১৭ সাল সাফল্যের ধারাবাহিকতায় উজ্জ্বল একটি বছর। বিশ্ব অর্থনীতির টানাপোড়েনের মাঝেও সরকারের জাতীয় সম্পদের সুষ্ঠু-ব্যবস্থাপনা ও

উন্নয়নমুখী কর্মপরিকল্পনায় ২০১৭ সালেও মোট দেশজ উৎপাদনের প্রবৃদ্ধির ধারাবাহিকতা অব্যাহত ছিল। আলোচ্য বছরে বিশ্বব্যাংক ও আইএমএফ এর প্রাক্কলনকে ভুল প্রমাণিত করে বাংলাদেশ ৭.২৪% জিডিপিতে প্রবৃদ্ধি অর্জনে সক্ষম হয়েছে। সকল ধরণের প্রতিকূলতা মোকাবেলা করে জাতীয় অর্থনীতিতে এই অসাধারণ সাফল্য বয়ে আনার জন্য আমরা সরকারকে অভিনন্দন জানাই। সামষ্টিক অর্থনীতির এই সফলতা অন্যান্য খাতের ন্যায় জীবন বীমা শিল্পেও সমৃদ্ধি নিয়ে আসবে, যার সুফল আমরা সবাই পাবো।

আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, জীবন বীমা যে কোন দেশের জনসংশ্লিষ্ট একটি ব্যবসায়িক উদ্যোগ, যা সংশ্লিষ্ট দেশের জনগণের আয় ও সঞ্চয়মূখী আচরণের উপর বিশেষভাবে নির্ভর করে। তাছাড়া ভবিষ্যৎ আর্থিক নিরাপত্তার বিষয়ে জনসচেতনতা এই শিল্প বিকাশের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ বিষয়। আপনারা জেনে খুশি হবেন যে, আমাদের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ মাঠ পর্যায়ে সঞ্চয় ও ভবিষ্যৎ আর্থিক নিরাপত্তার বিষয়ে জনসচেতনতা তৈরীর মাধ্যমে নতুন বীমা গ্রাহক সৃষ্টিতে প্রশংসনীয় অবদান রাখছে।

ফলশ্রুতিতে, ২০১৭ সালের নতুন বীমা থেকে প্রাপ্ত প্রিমিয়াম আয় ছিল বিগত বছরের চেয়ে ১০.১৭% বেশী। দেশজুড়ে আমাদের কর্মীবাহিনীর ঐকান্তিক প্রচেষ্টায় আমরা গণমানুষের আস্থা অর্জন করতে পেরেছি। তাছাড়া ব্যক্তি পর্যায়ে বীমা গ্রহণের মূল যে উদ্দেশ্য অর্থাৎ যথাসময়ে যথাযথভাবে বীমা দাবী পরিশোধ করা, আমরা সেই চুক্তিবদ্ধ দায় সম্মানীত পলিসিহোল্ডারদের সন্তুষ্টি অনুযায়ী পরিশোধ করে আসছি। নিয়মানুযায়ী যথাসময়ে বীমা দাবী পূরণের এই সুনাম জীবন বীমা খাতে আমাদের কোম্পানীর উপর জনগণের আস্থা ও নির্ভরশীলতাকে সুদৃঢ় করেছে। আমি এ প্রেক্ষিতে গর্বের সাথে আপনাদের জানাতে চাই যে, ২০১৭ সালে আমরা ৬২১.৮৫ কোটি টাকা বীমা দাবী পরিশোধ করেছি যা দেশের জীবন বীমা খাতে একটি উল্লেখ যোগ্য ঘটনা।

অর্থনৈতিক উন্নয়নের ধারাবাহিকতা রক্ষায় সরকার সর্বদা প্রয়োজনানুযায়ী আইন ও বিধি প্রনয়ন করে আসছেন। যাতে পরিবর্তিত পরিস্থিতির প্রেক্ষিতে আর্থিক খাত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের কর্মকান্ডে গতিশীলতা বজায় থাকে। তেমন একটি উদ্যোগ বীমা আইন ২০১০ অনুমোদন এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ গঠন। বীমা আইন ২০১০ অনুসারে, দেশের সকল বীমা কোম্পানীকে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের সাথে নিবন্ধিত হওয়া বাধ্যতামূলক। কিন্তু লক্ষ্য করা গেছে যে, দেশের বিভিন্ন অনগ্রসর অঞ্চলে, কিছু ক্ষুদ্র ঋণদানকারী এনজিও তাদের গ্রাহকদের মাঝে জীবন বীমা কার্যক্রম পরিচালনা করে আসছে। মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি এ্যাক্ট ২০০৬-এ এরূপ বীমা সেবা দেওয়ার বিধান রয়েছে বলে জানা গেছে। এর ফলে মাঠ পর্যায়ে জীবন বীমা কোম্পানীগুলির কর্মীদের বিশেষ করে ক্ষুদ্রবীমা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে গ্রাহকদের মাঝে নানা ভুল বোঝাবুঝি ও প্রতিবন্ধকতার সৃষ্টি হচ্ছে। বীমা শিল্পের স্বার্থে ও নিম্ন আয়ের মানুষদের কল্যাণে এ বিষয়ে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণ করবে বলে আমরা আশা করি।

জীবন বীমা কোম্পানীগুলোর সামর্থ্য ও সফলতা যে মূল ভিত্তির উপর নির্ভর করে তা হলো লাইফ ফান্ড। সঞ্চিত প্রিমিয়ামের অর্থ সর্বাধিক লাভজনক ও নিরাপদ বিনিয়োগের মাধ্যমে কোম্পানীর

আর্থিক কাঠামোকে মজবুত ও সুদৃঢ় করাই লাইফ ফান্ডের উদ্দেশ্য, যাতে পলিসিহোল্ডাদের দাবী ও মুনাফা যাথাসময়ে নির্বিঘ্নে পরিশোধ করা যায়। আলোচ্য বছরে কোম্পানীর সকল ব্যবসায়িক ও প্রশাসনিক ব্যয় নির্বাহ ও বীমা দাবী পূরণের পর আমাদের লাইফ ফান্ড ২২৮৬.৬৭ কোটি টাকায় দাঁড়িয়েছে। তাছাড়া ২০১৭ সালে বিনিয়োগের উপর মোট ১৯০.৪৫ কোটি টাকা মুনাফা পাওয়া গেছে, যা আমাদের বিনিয়োগ ঝুঁকির সাথে সামঞ্জস্যপূর্ণ ও বর্তমান বিনিয়োগ পরিস্থিতির প্রেক্ষিতে সন্তোষজনক। কোম্পানীর পরিচলনা পর্ষদ তহবিল বিনিয়োগ সিদ্ধান্তের ক্ষেত্রে মুনাফার পাশাপাশি বিনিয়োগ নিরাপত্তার বিষয়টি বিবেচনা করে থাকে, যাতে কোম্পানীর সকল দায় পরিশোধের সক্ষমতা এবং সম্মানীত শেয়ারহোল্ডারদের লভ্যাংশ প্রদানের সামর্থ্য সবসময় বজায় থাকে।

বাংলাদেশের অন্যতম কর্পোরেট সিটিজেন হিসেবে ব্যবসায়িক কার্যক্রমের পাশাপাশি আপনাদের কোম্পানী সামাজিক দায়িত্ব পালনেও সচেতন ও স্বতঃস্ফূর্ত। প্রতি বছরের ন্যায় এ বছরেও দেশের শিক্ষা, স্বাস্থ্য, সংস্কৃতি, ক্রীড়া ও আর্তমানবতার সেবায় পপুলার লাইফ উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে।

আমি আন্তরিক ও গভীর কৃতজ্ঞতা জানাই আমাদের সম্মানিত শেয়ারহোল্ডার, পলিসি গ্রাহক, নিয়ন্ত্রক সংস্থাসমূহ এবং শুভাকাঙ্খীদের যারা কোম্পানীর ব্যবসা সফলভাবে পরিচালনার জন্য সর্বদা সহযোগিতা, পৃষ্ঠপোষকতা ও মূল্যবান উপদেশ প্রদান করেছেন। কোম্পানীর উন্নতি ও প্রবৃদ্ধির জন্য সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের কর্ম প্রচেষ্টা ও অবদানের জন্য আমি সকলকে ধন্যবাদ জানাই। আমাদের সকলের ঐকান্তিক প্রচেষ্টা ও সহযোগিতায় পপুলার লাইফ ইনস্যুরেন্স এর এই সাফল্য আগামী দিনগুলোতেও অব্যাহত থাকবে বলে আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

আমার দৃঢ় বিশ্বাস, আমাদের সকলে সমন্বিত ও ঐকান্তিক প্রচেষ্টায় আমরা আমাদের লক্ষ্যে পৌছাতে সক্ষম হবো, ইনশাল্লাহ।

আল্লাহ হাফেজ।

হাসান আহমেদ
চেয়ারম্যান

بسم الله الرحمن الرحيم



ব্যবস্থাপনা পরিচালক ও সিইও-এর মূল্যায়ন

বিস্‌মিল্লাহির রাহমানির রাহীম।

সম্মানিত শেয়ার হোল্ডারবৃন্দ, আস্‌সালামু আলাইকুম।

প্রথমেই আমি পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড পরিচালনার ক্ষেত্রে সম্মানিত শেয়ারহোল্ডার, পলিসিহোল্ডার এবং শুভানুধ্যায়ীদের অব্যাহত পৃষ্ঠপোষকতা এবং সহযোগিতার জন্য কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। এর সাথে যে সকল সম্মানিত বীমা গ্রাহক এবং শুভানুধ্যায়ী আমাদের ছেড়ে চিরবিদায় নিয়েছেন তাঁদের আত্মার মাগফেরাত কামনা করছি।

কোম্পানীর পরিচালনার ক্ষেত্রে আপনাদের পরামর্শ ও উপদেশ আমাদের অনুপ্রাণিত করে এবং দক্ষ নেতৃত্ব এবং ব্যবসায়িক প্রজ্ঞায় সমৃদ্ধ আমাদের সম্মানিত পরিচালক পর্ষদ এর দিক নির্দেশনায় আমি ও আমার টিমের উপর অর্পিত দায়িত্ব পালনের সুযোগ পেয়ে আমি অত্যন্ত আনন্দিত ও গর্ব বোধ করছি।

আমি আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই আমাদের সকল বীমা গ্রাহকদের প্রতি, তারা যে আস্থা আমাদের উপর রেখেছেন তার জন্য এবং আমি অগ্রিম অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি কোম্পানীর সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে যারা আমাদের প্রিয় প্রতিষ্ঠান পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর ১৮তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত থেকে সভার কার্যক্রমকে সফল করেছে।

পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড নিজস্ব সুনাম বজায় রেখে ইতোমধ্যে ১৮তম বর্ষে পদার্পণ করেছে। স্বচ্ছ, সুষ্ঠু ব্যবস্থাপনা ও লক্ষ্য ভিত্তিক গৃহীত সুনির্দিষ্ট কর্ম পরিকল্পনা এবং তা বাস্তবায়নের মধ্যে দিয়ে বিগত বছরগুলোর ন্যায় ২০১৭ সালেও কোম্পানী সাফল্যের আরও একটি বছর অতিক্রম করেছে। আপনারা জেনে আনন্দিত হবেন যে, দেশের অর্থনীতির ক্ষেত্রে বিদ্যমান অবস্থা এবং জীবন বীমা শিল্পে নানাবিধ সমস্যা ও নতুন বীমা কোম্পানীর অনুমোদনের কারণে সৃষ্ট প্রতিযোগিতা সত্ত্বেও কোম্পানী আলোচ্য বছর ৫০১.০৪ কোটি টাকা প্রিমিয়াম অর্জন করেছে এবং যথাসময়ে বীমা দাবী পরিশোধে আমাদের সুনাম অক্ষুন্ন রেখে ২০১৭ সালেও আমরা ৬২১.৮৫ কোটি টাকা বীমা দাবী পরিশোধ করেছি। বাংলাদেশ সর্বস্তরের বীমা গ্রহিতাদেরকে গুনগত মান সম্পন্ন বীমা সেবা দানের যে প্রতিশ্রুতি আমরা দিয়েছি তা যথাযথভাবে অনুসরণে আমরা অঙ্গীকারাবদ্ধ ও নিরলস ভাবে সচেষ্ট। সেই লক্ষ্যে আমরা আয়ের সাথে সংগতি রেখে বীমা সেবাকে সম্প্রসারিত করার উদ্যোগ নিয়েছি। সেই সাথে লাইফ ফান্ড এর সর্বাধিক সম্ভব লাভজনক খাতে বিনিয়োগ করে পলিসিহোল্ডারদের সর্বোচ্চ বোনাস এবং শেয়ারহোল্ডারদের সর্বোচ্চ লভ্যাংশ প্রদানই আমাদের কর্মকান্ডের মূল উদ্দেশ্য।

আমাদের বীমা শিল্পে ব্যবসায়িক সফলতার প্রধান সহায়ক হচ্ছে দক্ষ, সৎ ও নিবেদিত বীমা কর্মী। আমাদের বীমা প্রতিনিধি, উন্নয়ন কর্মকর্তা ও মাঠ পর্যায়ের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বাড়াতে সারা বছরই নানা প্রশিক্ষণ কর্মসূচীর আয়োজন করা হচ্ছে। কার্যকরভাবে পণ্যের প্রচার ও সম্ভাব্য বীমা গ্রাহকদের দ্বারপ্রান্তে বীমা সেবা পৌছে দেয়ার লক্ষ্যে নতুন নতুন কৌশল ও কর্মপন্থা গ্রহণ করা হচ্ছে।

২০১৮ সালে আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য হলো ঃ

* নতুন নতুন সংগঠন তৈরি করে বীমায় নতুন গ্রাহক সৃষ্টির মাধ্যমে প্রথম বর্ষ প্রিমিয়াম বৃদ্ধি করা।
* তামাদি পলিসি পুনঃচালুকরণের মাধ্যমে নবায়ন প্রিমিয়াম বৃদ্ধি করে কোম্পানীকে শক্তিশালী ও গতিশীল করা।
* আয়ের সাথে ব্যয়ের ভারসাম্য রক্ষা এবং লাইফ ফান্ড বৃদ্ধি ও অধিকতর সুসংহত করে কোম্পানীকে বীমাখাতে নেতৃত্বস্থানীয় পর্যায়ে উন্নীত করা।
* বিনিয়োগ বৃদ্ধি করে এবং অধিক লাভজনক খাতে বিনিয়োগ করে পলিসিহোল্ডারদের বোনাস ও শেয়ারহোল্ডারদের লভ্যাংশ বৃদ্ধি করা।
* জীবন বীমা শিল্পে মেধাবী কর্মী ও কর্মকর্তা নিয়োগের মাধ্যমে দক্ষ মানবসম্পদ তৈরি ও নতুন কর্মসংস্থান সৃষ্টি করা।
* উন্নত প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করণের অংশ হিসাবে মোবাইল ব্যাংকিং পদ্ধতির যথোপযুক্ত প্রয়োগের দ্বারা গ্রাহকের কাছ থেকে প্রিমিয়াম গ্রহণ ও দাবী পরিশোধের ব্যবস্থা করা।
* তুলনামূলকভাবে কম গ্রহণযোগ্য পলিসিসমূহে উল্লেখযোগ্য সংস্কার করার মাধ্যমে প্রতিযোগিতা মূলক বাজারের উপযোগী করা।

* বীমাকর্মী ও কর্মকর্তাদের সমন্বয়ে কর্পোরেট সুশাসন প্রতিষ্ঠা ও তা প্রতিপালনের মাধ্যমে দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে জনগণের সাথে পপুলার লাইফ-এর সম্পৃক্ততা বৃদ্ধি করা।

* উন্নয়ন কর্মকর্তা ও কর্মচারীদেরকে বাস্তবমূখী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনবল গড়ে তোলা।

* বীমা গ্রাহকদের সকল ধরনের বীমা দাবী দ্রুততার সাথে পরিশোধ করা।

সময় বদলেছে, সেই সাথে বদলে যাচ্ছে আমাদের কর্মজীবনের সাথে সংশ্লিষ্ট প্রক্রিয়াগুলোও। প্রতিযোগিতামূলক বাজারে নিজেদের অবস্থান সুদৃঢ় করার জন্য আমাদেরকে কর্মপদ্ধতিসমুহ পূণর্বিন্যাসের মাধ্যমে সময় উপযোগী করতে হবে। আমাদের এই মহত প্রচেষ্টা সকলের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমেই কেবল সফল হতে পারে।

আমার বিশ্বাস, আমাদের ঐকান্তিক প্রচেষ্টা পপুলার লাইফ ইনস্যুরেন্স এর এই সাফল অগ্রযাত্রা আগামী দিনগুলোতেও অব্যাহত থাকবে।

আল্লাহ হাফেজ।

বি এম ইউসুফ আলী
ব্যবস্থাপনা পরিচালক ও সিইও

AMARSTOCK

REPORT OF THE AUDIT COMMITTEE

For the year ended 31 December 2017

Audit Committee of Popular Life Insurance Co. Ltd., a sub-committee of the Board of Directors, supports the Board in ensuring that the financial statements reflect true and fair view of the state of affairs of the Company and in ensuring a good control monitoring system within the business.

Composition of the Audit Committee:

The Audit Committee, appointed by and responsible to the Board of Directors, comprises 8 members and the Company Secretary as the Secretary of the Audit Committee, out of them, one member is independent Non-Executive Director and the Committee is Chaired by him.

Role of the Audit Committee:

The Audit Committee's role flows directly from the Board and the Committee reports regularly to the Board on performance of its activities. The Committee's main responsibilities consist of:

- Reviewing the annual, half-yearly and quarterly financial statements and other financial results, and upon its satisfaction of the review, recommend the same to the Board;
- Reviewing the adequacy and effectiveness of financial reporting process, internal control system, risk management, auditing matters, and the Company's processes for monitoring compliance with laws and regulations and the Codes of Conduct;
- Monitoring and reviewing the arrangements for ensuring the objectivity and effectiveness of the external and internal audit functions;
- Reviewing the effectiveness of internal audit function including performance, structure, adequacy of resources, and compliance with professional standards, regulatory and financial reporting requirements, examining audit findings and material weaknesses and monitoring implementation of audit action plans;
- Recommending to the Board the appointment, reappointment or removal of the external auditors;
- Performing other activities as and when requested by the board of directors.

Meetings and Attendance:

During the year of 2017, a total of 12 (Twelve) meetings were held. The attendance of the members at these meetings is as follows:

Name of Members	Category	Number of meetings held	Meetings Attended	Attended through Alternate
Mr. A K M Aminul Mannan	Chairman (Independent Non Executive Director)	12	12	-
Mr. Hasan Ahmed	Member	12	9	-
Mr. Md. Motaher Hussain	Member	12	12	-
Mr. Shamsul Arefin Khaled	Member	12	6	-
Mr. Kabir Ahmed	Member	12	8	-
Mr. Mohammed Amir Hossain Chowdhury	Member	12	12	-
Mr. Mohammed Zahirul Islam Chowdhury	Member	12	12	-
Mr. Mostofa Helal Kabir	Company Secretary	12	12	-

Major activities of the Audit Committee carried out during the year:

- Reviewed the quarterly, half yearly, two interim review for the interim cash dividend and annual financial statements for the year ended 31 December 2017 along with receiving the statutory audit report and raising necessary questions on statutory auditors in case of doubts;
- Approved the internal audit plan for 2017, monitored progress and effected revisions when necessary;
- Discussed internal audit reports and findings in detail with members of the management and monitored the status of implementation of audit action plans and provided guidance to ensure timely completion of action plans;
- The committee reviewed the effectiveness of the internal financial controls, procedures and external audit report.
- Considered and made recommendation to the Board on the appointment and remuneration of external auditors;
- The Chief Financial Officer reported on the financial performance of the company and on financial and accounting matters;
- Reviewed and received report on the matters as per requirement from the Bangladesh Securities and Exchange Commission (BSEC). The above matters are significant recommendations for continuous improvement and therefore duly noted.

The committee is of the opinion that adequate controls and procedures are in place to provide reasonable assurance that the company's assets are safeguarded and that the financial position of the company is adequately managed.

On behalf of the Audit Committee

A K M Aminul Mannan
Chairman
Audit Committee

Dated: June 27, 2018

بسم الله الرحمن الرحيم



Directors' Report

Bismillahir Rahmanir Rahim

Dear Shareholders, Assalamu Alaikum,

I feel immense pleasure to welcome you all to the 18th Annual General Meeting of the Popular Life Insurance Company Ltd. on behalf of the Board of Directors of the Company and as well as also on my own behalf as well. We attempted to deliver a sound performance, consolidating our top-line whilst driving string underwriting and bottom-line results.

It is with much pleasure to bring to the notice of the honorable Shareholders that despite of the presence of full favorable economic condition along with stable business environment and stiff competition among different insurers the year 2017 was another successful year of the company. Despite of adversities around the Managements of the Company initiated all-out efforts to maintain its leading position in the industry. In compare to performance of Insurance Industry for the year 2017 our performance for the same period is enough satisfaction.

Financial Result:

During the year, total premium income of the Company earned Tk. 501.04 Crore. Income from investment Tk.182.12 Crore. Despite of increasing inflation at national level during the year the overall performance of the Company along with the core activities of the Company were operated, administered and monitored efficiently and effectively. Decreased administrative expenses in percentage it was 6.41% and in amount it decreased to Tk. 129.27 Crore from 137.56 Crore in the previous year.

Particulars	2017 (In crore Taka)	2016 (In crore Taka)	Increase (Decrease) (%)
First year premium :			
Individual Life	41.63	44.60	(6.67)
Janapriya Bima	30.20	16.78	79.99
Islami Bima (Takaful)	32.34	28.58	13.13
Al-Amin Bima	66.09	44.06	50.00
Islami DPS Bima	16.90	17.76	(4.85)
Popular DPS Bima	9.65	8.49	13.70
Al-Barakah Islami Bima	27.11	24.86	9.03
Al-Barakah Islami DPS Bima	11.48	7.75	48.16
Janapriya Akok Bima	10.63	8.24	28.92
Al-Amin Akok Bima	20.57	32.45	(36.60)
Islami DPS Khudra Akok	4.28	8.91	(52.01)
Janapriya Khudra Akok	4.61	7.56	(38.97)
	275.49	**250.06**	**10.17**
Renewal premium :			
Individual Life	39.04	54.40	(28.23)
Janapriya Bima	11.52	27.47	(58.06)
Islami Bima (Takaful)	24.35	40.47	(39.83)
Al-Amin Bima	43.43	74.59	(41.78)
Islami DPS Bima	12.26	21.93	(44.11)
Popular DPS Bima	7.69	12.81	(39.99)
Al-Barakah Islami Bima	19.50	33.84	(42.39)
Al-Barakah Islami DPS Bima	13.54	16.57	(18.28)
Janapriya Akok Bima	8.51	13.34	(36.16)
Al-Amin Akok Bima	28.86	35.61	(18.96)
Islami DPS Khudra Akok	8.90	10.41	(14.49)
Janapriya Khudra Akok	7.95	8.92	(10.87)
	225.55	**350.36**	**(35.62)**
	501.04	**600.41**	**(16.55)**
Group Insurance premium :			
Group Insurance	0.12	0.16	(25.00)
Life Fund	2,286.67	2,505.30	(8.73)
Claim	621.85	805.37	(22.79)
Management Expenses	247.45	255.56	(3.17)
Commission to Insurance Agents	81.73	81.18	0.68
Allowances & Commission (other than Commission included in above)	36.45	36.82	(1.00)
Administrative & other expenses	129.27	137.56	(6.03)

Actuarial Valuation:

The Board of Directors of the Company decided to conduct Actuarial Valuation yearly and accordingly the Actuarial Valuation of the assets & liabilities of the Company as on December 31, 2017 was carried out. The Valuation results have shown a surplus of Tk. 349.55 Crore out of which Tk. 237.63 Crore have been allocated for Bonus to policyholders.

Services to Policyholder:

The reputation and progress of the Company largely depend on prompt and efficient services rendered to the policyholders. Keeping this in view, we have further strengthened our services through automation of working systems and operation environment.

A large network of several hundred offices in the rural as well as urban centers throughout the country renders all necessary services to the policyholders. The management trying to make digitalized to its Zonal & Regional Offices gradually and by now activities of many Zonal Offices has already been computerized.

The settlement of claims is a very important aspect of services to the policyholders. Hence the Company has laid great emphasis on expeditious settlement of maturity, survival as well as death claims. From last few years the Company has decentralized the claims settlement operation through Zonal & Regional Offices for rendering prompt services to the policyholders. During the year, the Company has settled claims for Tk. 621.85 Crore.

On the other hand, claims by maturity have been coming up in larger quantum in commensurate with the service length of Company.

Human Resources Management:

Insurance industry is a place where services of experienced hands are absolutely necessary. PLICL is fully aware of this fact and from the beginning of its formation it tried sound insurance experts hire and other executives from the insurance field of the country with attractive compensation package. Apart from normal compensation package, PLICL has introduced employee benefits like festival bonus, gratuity, contributory Provident fund, earn leave, sick leave, maternity leave for female employees, group insurance, Housing in order to increase work efficiency, at different level of emplacement. PLICL organizes training for its employee on regular basis. PLICL organizes in house training from time to time for the field workers and others related with policy sales, underwriting, claim management, Re-insurance and practice of Takaful system.

Audit Committee of the Board:

For ensuring transparency & accountability in the operations of the Company to ensure that the activities are conducted within the framework of principles and policies as laid down by the Board, as well as the guidelines of the Securities and Exchange Commission's notification no. SEC/CMRRCD/2006-158/134/Admin/44, dated 07 August 2012. The Audit Committee reviewed the financial statements of the Company for the year ended 31st December, 2017 audited by the External Auditors stressing on the importance of the compliance culture within the Company.

Dividend:

The Board of Directors has recommended 40% cash dividend against each share of Taka 10(Ten). While recommending the dividend the Board of Directors has taken into consideration the results of Actuarial valuation for the year ended 31 December, 2017 and the life Fund as on that date.

Sponsor Directors:

In accordance with Article 83(1) of the Articles of Association of the Company, Two sponsor directors shall retire from office at the 18th Annual General Meeting. The retiring Directors are:

1. Mr. Shamsul Arefin Khaled; and
2. Mr. Kabir Ahmed

Being eligible they offered themselves for re-election.

Public Subscribers' Directors:

In accordance with the provision under Article 83(2) of the Articles of Association of the Company and as provided under Insurance Act Director, Mr. Mohammed Amir Hossain Chowdhury and Mr. Mohammed Zahirul Islam Chowdhury shall retire from the office by rotation and being eligible offer himself for re-election.

Public notification in regard to election of Public Subscribers' Director has been published in the 2 (Two) national dailies namely The Daily Bhorer Kagoj and The Daily Bangladesh Post.

Auditors:

Pursuant to Section 210 of the Companies Act, 1994, the Company's statutory auditors G. Kibria & Co. Chartered Accountants shall retire at the 18th Annual General Meeting and being eligible offered themselves for re-appointment for the year 31st December 2018.

Risk Management:

Business and risk are impenetrably connected with one another. They are alike two sides of the same coin. In comparison with other business risk level of insurance business is significantly mentionable. Risk is the component of uncertainty or probability of loss which is very important for insurance business. Sound implementation of legitimate and calculated risk management are the fundamental to long run success of insurance industry. One of the prime objectives of the Company is to protect the interest of stakeholders and implementation of risk management by strengthening, increasing of power & delegation and executing of optimal level of control. In consequence the position and reputation of the Company will be increased as a life insurance Company in the society which will ultimately cooperate to fulfill the social responsibilities.

Corporate Social Responsibility:

We are dedicated to stand in good move with effective, positive and principled engagement with our stakeholders; looking at making our operations lucrative, but beyond short-time gains. We

always keep our awareness to consume less power energy, reduce the use of fuel and harmful emissions. Popular Life Insurance Co. Ltd. always acknowledges its social responsibilities as it is an inseparable part of the society. The Company is always aware about its social responsibilities and also devoted to accomplish such responsibilities at a regular basis. As the main component of insurance business is deployed from the society therefore to perform various types of developing and awareness building program is always very significant one to the Company. Our corporate social responsibility covered all related parties of the Company.

Corporate Governance:

In order to continue un-interrupted success flow of the Company and ensure good governance the Company has established 04 (Four) sub-committees named as audit committee, claim committee, real estate committee and investment committee respectively. The main objectives of these committees are to protect the interest of the subscribers of the Company along with to ensure the interest of the Company in some specified concerns and perform every related task of it with a transparent view.

A separate report on Corporate Governance is provided as part of the Annual Report.

Directors' Responsibility Statement:

With regard to responsibilities for preparation and presentation of the Financial Statements, the Directors confirm that:

1. The financial statements together with the notes thereon have been drawn up in conformity with the companies Act, 1994, Insurance Act. 2010, Insurance Rules 1958 and securities and Exchange Rules 1987. These statements present fairly the Company's statement of affairs, the result of its operation and cash flow;

2. In the preparation of the annual accounts, the applicable accounting standards have been followed along with proper explanation relating material departure, if any;

3. The Directors had selected each accounting policy and applied them consistently and made judgments and estimates that are reasonable and prudent so as to give a true and fair view of the state of affairs of the Company at the end of financial year and of the results of the Company for that period;

4. The Directors had taken proper and sufficient care for the maintenance of adequate accounting records in accordance with the provisions of the Company's Act, 1994, Insurance Act, 2010, Insurance Rules 1958 and Securities and Exchange Rules 1987 for safeguarding the assets of the Company and for preventing and detecting fraud and other irregularities;

5. The Directors had prepared the annual accounts on 'Going Concern' basis;

6. The Internal Control system is sound in design and effectively implemented and monitored;

7. The key operating and financial data of the last five years is annexed as Financial Highlights".

Evolving Technology:

The Company has pursued the care of technology, with due diligence, to yield forward its operations. Latest technology hence has played a vibrant role, reforming the operations cost commendably and ranging progressive insurance solutions. Countrywide our offices are being gradually brought online. We have an updated websites containing all relevant information both for the subscribers and potential investors.

Contribution to the National Exchequer:

The Company has contributed Tk. 11.36 (Taka Eleven point three six) Crore to the National Exchequer during the year 2017 in the form of direct and indirect taxes and other mandatory contributions as per existing law.

Acknowledgement:

On behalf of the Board of Directors, I take this unique opportunity to thank all our honorable shareholders, Directors, Members of Shariah council and Managing Director for their continued support & co-operation. I also express my sincere gratitude to our valued policyholders, the office of the Insurance Development and Regulatory Authority, concerned Ministries, Registrar of Joint Stock companies & Firms, Securities and Exchange Commission, office of Dhaka & Chittagong Stock Exchanges, our Bankers and other esteemed well wishers for their co-operation, support & confidence.

We also put on record our sincere appreciation for the efforts of the marketing personnel and devotion of the employees to their duties.

On behalf of Board of Directors,

Hasan Ahmed
Chairman
June 27, 2018

بسم الله الرحمن الرحيم



পরিচালকমন্ডলীর প্রতিবেদন

বিসমিল্লাহির রাহমানির রাহিম।

প্রিয় শেয়ারহোল্ডারগণ, আস্‌সালামু আলাইকুম।

আপনাদের সবাইকে কোম্পানীর পরিচালনা পর্ষদ এবং আমার পক্ষ হতে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেডের ১৮তম বার্ষিক সাধারণ সভায় স্বাগত জানানোর সুযোগ পেয়ে আমি অত্যন্ত আনন্দিত। কোম্পানীর কার্যক্রমের সারমর্ম আপনাদের সামনে উপস্থাপন করার চেষ্টা করছি।

শেয়ারহোল্ডারদের দৃষ্টি আকর্ষণ পূর্বক অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, বীমা ব্যবসার সার্বিক প্রতিকূলতা এবং সার্বিক ব্যবসায়িক পরিবেশ বিরাজমান না থাকার পরও ২০১৭ সাল ছিল কোম্পানীর জন্য একটি সাফল্যের বছর। সকল প্রতিবন্ধকতা থাকা সত্ত্বেও কোম্পানীর ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অত্র খাতে অগ্রবর্তী অবস্থান ধরে থাকার ক্ষেত্রে সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করেছে। ২০১৭ সালে বীমা ব্যবসায় দেশের সামগ্রিক অবস্থার পরিপ্রেক্ষিতে কোম্পানীর কর্মফল যথেষ্ট সন্তোষজনক।

আর্থিক ফলাফল ঃ

২০১৭ সালে কোম্পানী ৫০১.০৪ কোটি টাকা প্রিমিয়াম আয় করেছে। বিনিয়োগ থেকে আয় হয়েছে ১৮২.১২ কোটি টাকা। কোম্পানীর ২০১৭ সালের সার্বিক কর্মকান্ড পর্যালোচনা করে দেখা যায় যে, মুদ্রাস্ফীতির উর্ধ্বমূখী প্রভাব থাকা সত্ত্বেও ব্যবস্থাপনা কর্তৃপক্ষ দক্ষ ও কার্যকরভাবে কোম্পানীর যাবতীয় কার্যক্রম সম্পাদন ও তদারকী করেছে। আলোচ্য বছরে প্রশাসনিক, ব্যবস্থাপনা ও অন্যান্য খাতে ব্যয় হ্রাস কোম্পানীর সুষ্ঠু ও দক্ষ ব্যবস্থাপনা ও পরিচালনারই পরিচায়ক। প্রশাসনিক ব্যয় বিগত বছরে ১৩৭.৫৬ কোটি থেকে কমে দাঁড়িয়েছে ১২৯.২৭ কোটি টাকা যা শতকরা হিসাবে ৬.৪১ ভাগ কম। এরূপ ব্যয়হ্রাস কোম্পানীকে প্রতিকূল পরিবেশে কর্ম সম্পাদনে যথেষ্ট সহায়তা করে।

অত্র বছরের প্রিমিয়াম আয়ের সাথে ২০১৬ সনের প্রিমিয়াম আয়ের তুলনামূলক বিস্তারিত তথ্যাদি নিম্নে উদ্বৃত হলো ঃ

বিবরণ	২০১৭ (কোটি টাকায়)	২০১৬ (কোটি টাকায়)	(বৃদ্ধি/হ্রাস) (%)
প্রথম বছরের প্রিমিয়াম ঃ			
একক বীমা	৪১.৬৩	৪৪.৬০	(৬.৬৭)
জনপ্রিয় বীমা	৩০.২০	১৬.৭৮	৭৯.৯৯
ইসলামী বীমা (তাকাফুল)	৩২.৩৪	২৮.৫৮	১৩.১৩
আল-আমিন বীমা	৬৬.০৯	৪৪.০৬	৫০.০০
ইসলামী ডিপিএস	১৬.৯০	১৭.৭৬	(৪.৮৫)
পপুলার ডিপিএস	৯.৬৫	৮.৪৯	১৩.৭০
আল-বারাকা ইসলামী	২৭.১১	২৪.৮৬	৯.০৩
আল-বারাকা ইসলামী ডিপিএস	১১.৪৮	৭.৭৫	৪৮.১৬
জনপ্রিয় একক বীমা	১০.৬৩	৮.২৪	২৮.৯২
আল-আমিন একক বীমা	২০.৫৭	৩২.৪৫	(৩৬.৬০)
ইসলামী ডিপিএস ক্ষুদ্র একক	৪.২৮	৮.৯১	(৫২.০১)
জনপ্রিয় ক্ষুদ্র একক	৪.৬১	৭.৫৬	(৩৮.৯৭)
	২৭৫.৪৯	**২৫০.০৬**	**১০.১৭**
নবায়ন প্রিমিয়াম ঃ			
একক বীমা	৩৯.০৪	৫৪.৪০	(২৮.২৩)
জনপ্রিয় বীমা	১১.৫২	২৭.৪৭	(৫৮.০৬)
ইসলামী বীমা (তাকাফুল)	২৪.৩৫	৪০.৪৭	(৩৯.৮৩)
আল-আমিন বীমা	৪৩.৪৩	৭৪.৫৯	(৪১.৭৮)
ইসলামী ডিপিএস	১২.২৬	২১.৯৩	(৪৪.১১)
পপুলার ডিপিএস	৭.৬৯	১২.৮১	(৩৯.৯৯)
আল-বারাকা ইসলামী	১৯.৫০	৩৩.৮৪	(৪২.৩৯)
আল-বারাকা ইসলামী ডিপিএস	১৩.৫৪	১৬.৫৭	(১৮.২৮)
জনপ্রিয় একক বীমা	৮.৫১	১৩.৩৪	(৩৬.১৬)
আল-আমিন একক বীমা	২৮.৮৬	৩৫.৬১	(১৮.৯৬)
ইসলামী ডিপিএস ক্ষুদ্র একক	৮.৯০	১০.৪১	(১৪.৪৯)
জনপ্রিয় ক্ষুদ্র একক	৭.৯৫	৮.৯২	(১০.৮৭)
	২২৫.৫৫	**৩৫০.৩৬**	**(৩৫.৬২)**
	৫০১.০৪	**৬০০.৪১**	**(২৫.০০)**
গোষ্ঠী বীমা প্রিমিয়াম ঃ			
গোষ্ঠী বীমা	০.১২	০.১৬	(২৫.০০)
লাইফ ফান্ড	২,২৮৬.৬৭	২,৫০৫.৩০	(৮.৭৩)
দাবী বীমা	৬২১.৮৫	৮০৫.৩৭	(২২.৭৯)
ব্যবস্থাপনা ব্যয়	২৪৭.৪৫	২৫৫.৫৬	(৩.১৭)
বীমা এজেন্ট কমিশন	৮১.৭৩	৮১.১৮	০.৬৮
এবং ভাতা (উপরোক্ত কমিশন ব্যতিত অন্যান্য কমিশন)	৩৬.৪৫	৩৬.৮২	(১.০০)
প্রশাসনিক এবং অন্যান্য ব্যয়	১২৯.২৭	১৩৭.৫৬	(৬.০৩)

এ্যাকচ্যুয়ারিয়াল ভ্যালুয়েশন ঃ

কোম্পানীর পরিচালনা পর্ষদ বাৎসরিক ভিত্তিতে এ্যাকচ্যুয়ারিয়াল ভ্যালুয়েশন কার্যক্রম সম্পাদনের সিদ্ধান্ত নেন এবং তদানুযায়ী কোম্পানীর ২০১৭ সনের ৩১শে ডিসেম্বর পর্যন্ত দায় ও পরিসম্পদের এ্যাকচ্যুয়ারিয়াল ভ্যালুয়েশন কার্যক্রম সম্পাদন করা হয়। ভ্যালুয়েশন ফলাফলে ৩৪৯.৫৫ কোটি টাকা উদ্বৃত্ত দেখানো হয়েছে। তন্মধ্যে ২৩৭.৬৩ কোটি টাকা পলিসিহোল্ডারগণকে বোনাস প্রদানের জন্য বরাদ্ধ রাখা হয়েছে।

পলিসি গ্রাহকগণের জন্য সেবা ঃ

কোম্পানীর খ্যাতি এবং উন্নতি পলিসি গ্রাহকগণের দ্রুত এবং উন্নতমানের সেবা দানের উপর নির্ভরশীল। এ বিষয়ের প্রতি লক্ষ্য রেখে কর্ম প্রক্রিয়ায় এবং পরিচালনার পরিবেশকে অটোমেশনের মাধ্যমে আমাদের সেবা কার্যক্রম আরো শক্তিশালী করার প্রচেষ্টা বিদ্যমান।

দেশব্যাপী পল্লী ও শহরকেন্দ্রিক কোম্পানীর কয়েক শত অফিস হতে পলিসি গ্রাহকগণকে প্রয়োজনীয় সকল সেবা প্রদান করা হচ্ছে। এ বছরে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ জোনাল এবং আঞ্চলিক অফিসসমূহের সেবার মান উন্নত করার জন্য অটোমেশন ও অন্যান্য কাঠামো উন্নয়নে কাজ করেছে।

বীমা দাবী নিষ্পত্তি কার্যক্রম হচ্ছে পলিসি গ্রাহকগণের জন্য একটি খুবই গুরুত্বপূর্ণ বিষয়। কাজেই কোম্পানী ম্যাচিউরিটি, সারভাইভাল এবং মৃত্যু দাবীসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য সর্বাধিক গুরুত্ব প্রদান করেছে। পলিসি গ্রাহকগণকে দাবী নিষ্পত্তির বিষয়ে দ্রুত সেবা প্রদানের লক্ষ্যে ক্ষমতা বিকেন্দ্রীকরণের উদ্যোগ নেয়া হয়েছে। অত্র বছরে কোম্পানী ৬২১.৮৫ কোটি টাকা দাবী নিষ্পত্তি করেছে। একটি বিষয় গুরুত্বের সাথে পরিলক্ষিত হয়েছে যে, কোম্পানীর কার্যকাল বৃদ্ধির সাথে সাথে বর্তমানে মেয়াদোত্তীর্ণ বীমা দাবী উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে।

মানব সম্পদ ব্যবস্থাপনা ঃ

বীমা শিল্প হচ্ছে এমন একটি ক্ষেত্র যেখানে অভিজ্ঞ ব্যক্তিগণের সেবা অতীব প্রয়োজনীয়। পপুলার লাইফ এ বিষয়ে সম্পূর্ণ সচেতন এবং প্রতিষ্ঠার শুরু থেকে আকর্ষণীয় সুবিধা প্রদানের মাধ্যমে দেশের বীমা জগতের উচ্চ পর্যায়ের এবং অন্যান্য অবস্থানের নির্বাহীগণের সেবা গ্রহনে সচেষ্ট। সাধারণ সুবিধাদির পাশাপাশি পপুলার লাইফ কর্মীদের জন্য অন্যান্য সুবিধা প্রদান করে আসছে যেমন- উৎসব বোনাস, গ্রাচ্যুইটি, প্রভিডেন্ট ফান্ড, অর্জিত ছুটি, অসুস্থতা জনিত ছুটি, মহিলা কর্মীদের ক্ষেত্রে মাতৃত্বকালীন ছুটি, গ্রুপ বীমা এবং গৃহ নির্মান ঋণ। পপুলার লাইফ বিভিন্ন সময় ঘরোয়াভাবে পলিসি বিপণনের সাথে জড়িত উন্নয়ন কর্মী, অবলিখন, দাবী ব্যবস্থাপনা, পুনঃ-বীমা এবং তাকাফুল পদ্ধতি চর্চার সাথে জড়িতদের প্রশিক্ষণের ব্যবস্থা করে আসছে। ২০১৭ সালে কর্মকর্তা/কর্মচারীবৃন্দকে বীমা সম্পৃক্ত বিভিন্ন বিষয় যেমন এন্ট্রি মানি লন্ডারিং, ফাইনান্সিয়াল ম্যানেজমেন্ট এবং কমপ্লায়েন্স এর উপর প্রশিক্ষণ প্রদান করা হয়।

বোর্ডের নিরীক্ষা কমিটি ঃ

কোম্পানীর বিভিন্ন কার্যক্রমে স্বচ্ছতা ও গ্রহণযোগ্যতার নিশ্চয়তা বিধান সাপেক্ষে সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিশ নং-এসইসি/সিএমআরআরসিডি/২০০৬-১৫৮/১৩৪/প্রশাসন/৪৪ তারিখ ৭ই আগষ্ট ২০১২ এর নির্দেশিকা মোতাবেক বোর্ড কর্তৃক গৃহীত ও নির্ধারিত নীতি ও কাঠামোগত পদ্ধতি অনুসরণের মাধ্যমে বিভিন্ন

কার্যাবলী পরিচালিত হয়। কোম্পানীর কার্যক্রমের গুরুত্বের ভিত্তিতে নিরীক্ষা কমিটি ডিসেম্বর ৩১, ২০১৭ সনের সমাপ্ত বছরের আর্থিক বিবরণী বহিঃ নিরীক্ষক দ্বারা পর্যালোচনা করানো হয়।

লভ্যাংশ ঃ

পরিচালনা পর্ষদ ২০১৭ সনের নিরীক্ষিত হিসাবের ভিত্তিতে সকল শেয়ারহোল্ডারদের প্রতিটি ১০ টাকা অভিহিত মূল্যের শেয়ারের জন্য ৪০% নগদ লভ্যাংশ প্রদানের সুপারিশ করেছে। লভ্যাংশ সুপারিশ করণের সময় পরিচালনা পর্ষদ ২০১৭ সনে ৩১শে ডিসেম্বর পর্যন্ত এ্যাকচ্যুয়ারিয়াল ভ্যালুয়েশনের ফলাফল এবং উক্ত তারিখে লাইফ ফান্ডের অবস্থা বিবেচনায় রেখেছে।

উদ্যোক্তা পরিচালকবৃন্দ ঃ

কোম্পানীর সংঘ বিধি ৮৩(১) ধারা অনুযায়ী নিম্নোক্ত ২(দুই) জন উদ্যোক্তা পরিচালক ১৮তম বার্ষিক সাধারণ সভায় অবসর গ্রহণ করবেন এবং যোগ্য বিধায় তারা পুনঃনির্বাচনের জন্য বিবেচিত হবেনঃ

০১। জনাব শামসুল আরেফিন খালেদ এবং
০২। জনাব কবির আহমেদ।

সাধারণ শেয়ারহোল্ডার পরিচালক ঃ

কোম্পানীর সংঘ বিধি ৮৩(২) ধারা অনুচ্ছেদ এবং বীমা আইনের সংশ্লিষ্ট ধারার বিধান অনুযায়ী জনাব মোহাম্মদ আমির হোসেন চৌধুরী এবং জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম চৌধুরী অবসর নিচ্ছেন এবং যোগ্য বিধায় পুনঃ নির্বাচনের জন্য আবেদন করেছেন।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে, সাধারণ শেয়ারহোল্ডারদের পরিচালক নির্বাচনের নোটিফিকেশন দেশের দুইটি জাতীয় দৈনিক পত্রিকা যথাক্রমে দৈনিক ভোরের কাগজ এবং দৈনিক বাংলাদেশ পোস্ট-এ প্রকাশ করা হয়।

নিরীক্ষকগণ ঃ

কোম্পানী আইন ১৯৯৪ এর ধারা ২১০ অনুসারে কোম্পানীর বিধিবদ্ধ নিরীক্ষক জি. কিবরিয়া এন্ড কোঃ, চার্টার্ড একাউন্ট্যান্ট ১৮তম বার্ষিক সাধারণ সভায় অবসর নেবেন এবং যোগ্য হওয়ায় পুনরায় ৩১ শে ডিসেম্বর, ২০১৮ইং সালের জন্য বিধিবদ্ধ নিরীক্ষক হিসেবে নিয়োগের আগ্রহ প্রকাশ করেছেন।

ঝুঁকি ব্যবস্থাপনা ঃ

ব্যবসা এবং ঝুঁকি পরস্পরের সাথে নিবিড়ভাবে যুক্ত। এটা যেন মুদ্রার এপিঠ-ওপিঠ। তুলনামূলক বিশ্লেষণে বীমা ব্যবসায় ঝুঁকির পরিমান বিশেষভাবে উল্লেখযোগ্য। ঝুঁকি হলো অনিশ্চয়তা বা ক্ষতির সম্ভাবনা যা বীমা ব্যবসায় একটি গুরুত্বপূর্ণ উপাদান। দক্ষ হাতে যৌক্তিক এবং নিরুপিত ঝুঁকি ব্যবস্থাপনার প্রয়োগ বীমা শিল্পের দীর্ঘমেয়াদী সফলতার মূল চাবিকাঠি। ঝুঁকি ব্যবস্থাপনার ক্ষমতা বৃদ্ধি, শক্তিশালী করা এবং এর সর্বোচ্চ নিয়ন্ত্রণ বাস্তবায়নের

পাশাপাশি প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত সকলের স্বার্থ সংরক্ষণ করাই আমাদের অন্যতম মূল লক্ষ্য। ফলশ্রুতিতে জীবন বীমা প্রতিষ্ঠান হিসাবে সমাজে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর অবস্থান এবং সুনাম বৃদ্ধি হবে যা সর্বোপরি সমাজের প্রতি দায়িত্ব পালনে সহায়তা করবে।

সামাজিক দায়বদ্ধতা ঃ

সাময়িক এবং ক্ষুদ্র লাভ অপেক্ষা কোম্পানীর সুবিধাভুক্ত গ্রাহকদের সমন্বয়ে নির্ধারিত এবং পরিকল্পিত কার্যক্রমকে আরো আকর্ষণীয় করার লক্ষ্যে অধিক কার্যকরী, সহায়ক এবং নীতি নির্ধারণী পদক্ষেপ গ্রহনে বদ্ধপরিকর। আমরা সর্বক্ষেত্রে তুলনামূলকভাবে কম জ্বালানী ও বিদ্যুৎ শক্তির ব্যবহারে এবং ক্ষতিকারক উৎপাদনের বিষয়ে সর্বদা সচেতন থাকি।

সমাজের একটি অবিচ্ছেদ্য অংশ হিসাবে লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড সমাজের প্রতি এর দায়বদ্ধতা স্বীকার করে। কোম্পানী এর সামাজিক দায়িত্ব সম্পর্কে সর্বদাই সচেতন এবং তা পালণে সর্বাত্বক চেষ্টা করে আসছে। বীমা ব্যবসার মূল উপাদান যেহেতু সমাজ থেকেই উদ্ভুত হয় তাই সমাজের প্রতি বিভিন্ন রকম সচেতনতা ও উন্নয়নমূলক কর্মকান্ড পরিচালনা করার বিষয়টি আমাদের কাছে সব সময়ই গুরুত্বপূর্ণ। কোম্পানীর সাথে সংশ্লিষ্ট সকল মানুষ-ই আমাদের এই সামাজিক দায়বদ্ধতার আওতাভূক্ত।

কর্পোরেট গভার্নেন্স ঃ

প্রতিষ্ঠানের সাফল্য ও অগ্রগতির ধারাবাহিকতা অক্ষুন্ন রাখার জন্য এবং এর সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে কোম্পানী অডিট কমিটি, দাবী কমিটি, রিয়েল এস্টেট কমিটি এবং ইনভেস্টমেন্ট কমিটি নামে ০৪(চার)টি উপ কমিটি গঠন করেছে। কোম্পানীর সকল গ্রাহকসহ এর গুরুত্বপূর্ণ খাত সম্পর্কিত স্বার্থ সংরক্ষণ করা এবং তৎসম্পর্কিত কর্ম প্রক্রিয়া স্বচ্ছ ও সুচারুভাবে সম্পন্ন করাই এ সকল কমিটির মূল উদ্দেশ্য।

এ বিষয়ে বার্ষিক প্রতিবেদনে ক'টি বিবরণী পৃথক ভাবে দেয়া হলো।

পরিচালকমন্ডলীর দায়িত্বাবলীর বিবৃতি ঃ

কোম্পানীর আর্থিক বিবরণী প্রস্তুত এবং উপস্থাপনায় পরিচালকমন্ডলী তাদের দায়িত্বের বিষয়ে নিশ্চিত করেন যে ঃ

১. কোম্পানী আইন ১৯৯৪, বীমা আইন ২০১০ ও এর অধীনে প্রণীত প্রবিধানমালা বীমা বিধি ১৯৫৮ এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বিধি ১৯৮৭ এর বিধানবলীর সাথে কোম্পানী কর্তৃক প্রস্তুতকৃত আর্থিক বিবরণী এবং এতদ্বসঙ্গীয় নোটসমূহ সঙ্গতিপূর্ণ;

২. কোম্পানীর বার্ষিক হিসাব প্রস্তুতকালে হিসাব বিজ্ঞানের মান অনুযায়ী সম্পন্ন করা হয়েছে এবং এতদসম্পর্কিত ব্যাখ্যা বিবৃতি করা হয়েছে;

৩. পরিচালকমন্ডলী হিসাব বিজ্ঞানের নীতিমালা নির্দিষ্ট করে সামঞ্জস্যরূপে প্রয়োগ, বিচার বিশ্লেষণ দ্বারা নিশ্চিত হয়েছেন যে, আলোচ্য হিসাবাদিতে কোম্পানীর স্বচ্ছ চিত্র প্রতিফলিত হয়েছে;

৪. কোম্পানী আইন ১৯৯৪, বীমা আইন ২০১০ ও এর অধীনে প্রণীত প্রবিধানমালা বীমা বিধি ১৯৫৮ এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বিধি ১৯৮৭ এর বিধানবলীতে বর্ণিত আইন ও বিধিবিধান মেনে কোম্পানীর হিসাবে বিভ্রান্তিকর ও অনিয়মের বিষয়ে নিরাপত্তা বিধান ও অনুসন্ধান দ্বারা কোম্পানীর সম্পদ রক্ষণাবেক্ষনে পরিচালকমন্ডলী যথোপযুক্ত ও যথেষ্ট যত্নশীল ছিলেন;

৫. পরিচালকমন্ডলী 'চলমান প্রক্রিয়া' অনুযায়ী বার্ষিক হিসাব প্রস্তুত করেছেন।

৬. অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সুপরিকল্পিত এবং কার্যকরভাবে প্রয়োগকৃত এবং নিয়মিতভাবে পর্যবেক্ষণকৃত;

৭. গত পাঁচ বছরের হিসাবের তথ্য উপাত্ত 'আর্থিক আলোকপাত' আকারে সংযোজিত হলো।

প্রযুক্তির প্রয়োগ ঃ

কোম্পানী তার কার্যক্রম বৃদ্ধির লক্ষ্যে প্রযুক্তির অগ্রগতিকে সব সময়ই গ্রহন করে আসছে। বীমা ব্যবসায় কার্যক্রমকে নতুন ভাবে সাজাতে এবং অধিকতর বীমা ব্যবস্থাপনায় যে কোন সমস্যা দ্রুত সমাধানের ক্ষেত্রে প্রযুক্তি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। এরই ফলশ্রুতিতে আমরা আমাদের ওয়েবসাইটকে পর্যাপ্ত এবং প্রাসঙ্গিক তথ্য দ্বারা আমাদের গ্রাহকবৃন্দ এবং বিনিয়োগকারীদের জন্য আকর্ষণীয় ভাবে তৈরী করেছি।

জাতীয় রাজস্ব অবদান ঃ

কোম্পানী ২০১৭ সালে আয়কর, ভ্যাট এবং অন্যান্য ফি বাবদ সরকারের রাজস্ব বিভাগে সর্বমোট ১১.৩৬ কোটি টাকা জমা করেছে, যা প্রচলিত আইনের প্রতি আমাদের শ্রদ্ধার বহিঃপ্রকাশ।

স্বীকারোক্তি ঃ

পরিচালনা পর্ষদের পক্ষ থেকে আমি এ সুবর্ণ সুযোগ গ্রহণ করে আমাদের সকল সম্মানীত শেয়ারহোল্ডার, পরিচালকবৃন্দ, শরীয়াহ কাউন্সিলের সদস্যবৃন্দ এবং ব্যবস্থাপনা পরিচালককে তাদের সর্বোত্তম সমর্থন ও সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করছি। আমি আমার সম্মানিত পলিসি গ্রাহকগণ, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সংশ্লিষ্ট মন্ত্রণালয়, রেজিষ্টার অব জয়েন্ট ষ্টক কোম্পানীজ ও ফার্মসমূহের নিবন্ধক, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা ও চট্টগ্রাম ষ্টক এক্সচেঞ্জ, আমাদের ব্যাংকারগণ ও অন্যান্য সকল শুভাকাংখীগণকেও তাদের সহযোগিতা, সমর্থন এবং আস্থার জন্য আমার আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

কোম্পানীর বিপণন কর্মকর্তাদের নিরলস ও আন্তরিক প্রচেষ্টা এবং সকল কর্মকর্তা কর্মচারীদের নিষ্ঠা ও কর্তব্যপরায়ণতার বিষয়টি প্রশংসার সাথে স্মরণ করছি যা না পেলে আমাদের অগ্রযাত্রা বাধাগ্রস্থ হতো।

পরিচালনা পর্ষদের পক্ষে-

হাসান আহমেদ
চেয়ারম্যান
২৭ জুন, ২০১৮

CERTIFICATION OF COMPANY CEO & CFO

June 27, 2018

The Board of Directors
Popular Life Insurance Company Limited
Peoples Insurance Bhaban (17th Floor)
36 Dilkusha C/A,
Dhaka-1000.

Dear Sir,

We hereby certify that,

(i) We have reviewed the financial statement of Popular Life Insurance Company Limited for the year ended 31st December 2017 and to the best of our Knowledge and belief :

a) These financial statements do not contain any materially untrue statement or omit any material fact or contain statements that might be misleading;

b) These statements together present a true and fair view of the company's affairs and are in compliance with existing accounting standards and applicable laws.

(ii) There are, to the best of our knowledge and belief, no transactions entered into by the company during the year which are fraudulent, illegal or in violation of the company's code of conduct,

Kazi Md. Fazlul Karim
Sr. Deputy Managing Director & CFO

B M Yousuf Ali
Managing Director & CEO



বাংলাদেশ জাতীয় সংসদ

B M Muzammel Haque
Member of Parliament
Shariatpur-1
Organiging Secretary
Bangladesh Awamileague, Central Executive Committee

উপদেষ্টা মহোদয়ের শুভেচ্ছা বাণী

পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী সারা দেশে আজ একটি ব্রান্ড নাম। দেশের সাধারণ মানুষ এই নামটির সাথে পরিচিত। ব্যবসায়িক দৃষ্টিভঙ্গির পাশিপাশি গণমানুষের আর্থ সামাজিক নিরাপত্তার মহান ব্রত নিয়ে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী বিরামহীনভাবে কাজ করে যাচ্ছে। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের প্রতিবেদনে উল্লিখিত হয়েছে যে, ২০১৭ সালে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী গ্রাহকদের শতভাগ বীমা দাবী পরিশোধ করেছে। কর্তৃপক্ষের এ ধরনের ইতিবাচক মূল্যায়ন কোম্পানীর স্বচ্ছতা ও জবাবদিহিতার এক অনন্য নজির। সম্প্রতি ইন্ডিয়ান চেম্বার অব্ কমার্স (আইসিসি) কর্তৃক আয়োজিত এশিয়া ভিত্তিক ইমার্জিং ইনস্যুরেন্স এ্যাওয়ার্ড-২০১৮ প্রদান অনুষ্ঠান থাইল্যান্ডের ব্যাংককে অনুষ্ঠিত হয়। আইসিসি এর মূল্যায়নে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী বাংলাদেশের শ্রেষ্ঠ জীবন বীমা কোম্পানী, সর্বোচ্চ প্রবৃদ্ধি অর্জনকারী কোম্পানী এবং শ্রেষ্ঠ সেবা প্রদানকারী জীবন বীমা কোম্পানী হিসেবে ৩টি পৃথক পৃথক পুরুস্কারে ভূষিত হয়েছে। এ সম্মান কোম্পানীর জন্য একটি বড় অর্জন। কোম্পানীর সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীর অবদানেই এ অর্জন সম্ভব হয়েছে বলে আমি মনে করি।

কোম্পানীর সম্মানিত বোর্ড অব্ ডিরেক্টর্স এর জনবান্ধব নীতি অনুসরন এবং সুযোগ্য ব্যবস্থাপনা পরিচালকের গতিশীল নেতৃত্বে দেশব্যাপী ব্যাপক কর্মসংস্থান সৃষ্টি করে এ কোম্পানী মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্নকে এগিয়ে নিয়ে যাচ্ছে। 'সঞ্চয় বিপদের বন্ধু' এ স্লোগান সরকারীভাবে প্রচার করা হয়। জীবন বীমা কোম্পানীসমূহ বিশেষতঃ পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানীর বিশাল কর্মীবাহিনী দেশের প্রত্যন্ত অঞ্চলে সরকারের এ এজেন্ডা বাস্তবায়নে নিরলসভাবে পরিশ্রম করে যাচ্ছে। এতে করে সাধারন মানুষের মাঝে সঞ্চয়ী মনোভাব ক্রমাগতভাবে বৃদ্ধি পাচ্ছে।

পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী বীমা শিল্পে এক অনন্য উচ্চতায় অধিষ্ঠিত হয়েছে, যার প্রমান এ কোম্পানী প্রতি বছরই শেয়ার হোল্ডারদের সর্বোচ্চ ডিভিডেন্ট প্রদান এবং বীমা গ্রাহকের সময়মত মৃত্যুদাবী ও অধিক মুনাফাসহ মেয়াদোর্ত্তীণ দাবী পরিশোধ করে আসছে। আমি কোম্পানীর উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু,
বাংলাদেশ চিরজীবী হউক।

বি এম মোজাম্মেল হক এম.পি
শরীয়তপুর-১
সাংগঠনিক সম্পাদক
বাংলাদেশ আওয়ামী লীগ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি
ও
উপদেষ্টা, পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড



بسم الله الرحمن الرحيم

শরিয়াহ্ কাউন্সিলের প্রতিবেদন

৩১ ডিসেম্বর ২০১৭ ঈশায়ী তাখি সমাপ্ত বছরের জন্য

মুহতারাম শেয়ারহোল্ডারবৃন্দ,

আস্সালামু আলাইকুম ওয়া রাহ্মাতুল্লাহি ওয়া বারাকাতুহু।

সকল প্রশংসা মহান আল্লাহ সুবহানাহ ওয়াতালার জন্য যিনি এ মহাবিশ্বের একমাত্র রব। শান্তি ও করুনা বর্ষিত হোক সর্বকালের সর্বশ্রেষ্ঠ রাসুল হযরত মুহাম্মাদ (সাঃ) ও তার অনুসারীদের উপর। অতপরঃ পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড এর শরিয়াহ্ কাউন্সিল কোম্পানীর ইসলামী বীমা সমূহের নীতিমালা এবং প্রয়োগ ও বাস্তবায়ন সংশ্লিষ্ট বিষয়াদি ২০১৭ অর্থবছরে অনুষ্ঠিত বৈঠক সমূহে পর্যালোচনা এবং কোম্পানী কর্তৃক উত্থাপিত বিষয়াদি ও সমস্যা সমূহ নিয়ে আলাপ আলোচনার পর প্রয়োজনীয় দিক নির্দেশনা ও মতামত প্রদান করেছে।

শরিয়াহ্ কাউন্সিল কোম্পানীর ইসলামী প্রকল্প সমূহের কর্যাবলি পর্যবেক্ষন, সংশ্লিষ্ট নথিপত্র, যাবতীয় লেনদেন যাচাই বাছাই এবং মোরাকিবগন কর্তৃক পেশকৃত মাঠ পর্যায়ের শাখা সমূহ পরিদর্শন রিপোর্ট পর্যালোচনা শেষে নিম্নোক্ত অভিমত প্রকাশ করছে।

১। আলোচ্য বছরে পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড ইসলামী বীমা ডিভিশন কর্তৃক অনুসৃত নীতিমালা, ব্যবস্থাপনা ও বিনিয়োগ, লেনদেন এবং চুক্তিপত্র যাচাই করে দেখা গেছে যে, সামগ্রিক কার্যাবলি পরিচালিত হয়েছে যথাসম্ভব শরিয়াহ্ কাউন্সিলের নির্দেশনা মোতাবেক।

২। ইসলামী বীমা প্রকল্প সমূহে পলিসি হোল্ডারদের মধ্যে যে বোনাস/প্রফিট বন্টন করা হয়েছে তা শরিয়াহ্ নীতিমালা ও একচ্যুয়ারি কর্তৃক দেওয়া নিয়মানুযায়ী করা হয়েছে।

৩। কোম্পানীর বার্ষিক ব্যালেন্সশিট পর্যালোচনা করে দেখা গেছে যে, তাতে শরিয়া নীতিমালা যথাসম্ভব কর্তৃপক্ষ পরিপালনে যত্নবান ছিল।

৪। বিনিয়োগের ক্ষেত্রে পূর্বের তুলনায় অধিকতর সর্তকতা অবলম্বন করা হয়েছে।

৫। তাবাররু হিসাব শরিয়া অনুযায়ী পরিচালিত হচ্ছে।

শরিয়াহ্ কাউন্সিল অত্র কোম্পানীকে পূর্ণাঙ্গ ইসলামীকরণের লক্ষ্যে বাস্তব পদক্ষেপ গ্রহণের জন্য পুনরায় উদ্যোক্তাদের প্রতি উদাত্ত আহবান জানাচ্ছে।

মহান রাব্বুল আলামিনের দরবারে কোম্পানীর কর্মকান্ডে সংশ্লিষ্ট সবাইকে ইসলামের বিধান অনুযায়ী জীবন গঠনের এবং জীবন বীমায় শরিয়াহ্ পরিপালনের মাধ্যমে তার সন্তুষ্টি অর্জনের তাওফিক দান করুন।

অধ্যক্ষ সাইয়্যেদ কামালুদ্দীন জাফরী
চেয়ারম্যান
শরিয়াহ্ কাউন্সিল
পপুলার লাইফ ইনস্যুরেন্স কোম্পানী লিমিটেড।

Auditors' Report & Financial Statements 2017

AMARSTOCK

G. KIBRIA & CO.
Chartered Accountants

An independent member of gmn international
An association of legally independent accounting firms worldwide

Sadharan Bima Sadan (5th Floor), 24-25, Dilkusha Commercial Area, Dhaka -1000
Phone : 880-2-9568071, 880-2-9570717, 880-2-9575324, Fax : 880-2-9553630,
E-mail : kibria03@hotmail.com, gkibria@gkibriaandco.com, Web: gkibriaandco.com

Auditors' report to the Shareholders of Popular life Insurance Company Limited

We have audited the accompanying financial statements of **Popular life Insurance Company Limited** consisting of the Balance Sheet as of 31 December 2017 and the related Life Revenue Account, Statement of Changes in Equity and Statement of Cash Flows together with Notes thereto which form an integral part of these financial statements for the year then ended.

Management's responsibility for the financial statements

The management is responsible for the preparation and fair presentation of these financial statements in accordance with Bangladesh Accounting Standard (BASs)/ Bangladesh Financial Reporting Standards (BFRSs), the Companies Act 1994, The Insurance Act 2010, the Securities and Exchange Rules 1987 and other applicable laws and regulations and for such internal control as management determines, which is necessary to enable the preparation of financial statements that are free from material misstatement, where due to fraud or error.

Auditors' responsibility

Our responsibility is to express an opinion on these financial statements based on our audit. We conducted our audit in accordance with Bangladesh Standards on Auditing (BSAs). Those standards require that we comply with ethical requirements and plan and perform the audit to obtain reasonable assurance whether the financial statements are free from material misstatement. An audit involves performing procedures to obtain audit evidence about the amounts and disclosures in the financial statements. The procedures selected depend on the auditor's judgment, including the assessment of the risk of material misstatement of the financial statements, whether due to fraud or error. In making those risk assessments the auditor consider internal control relevant to the entity's preparation and fair presentation of the financial statements in order to design audit procedures that are appropriate in the circumstances, but not for the purpose of expressing and opinion on the effectiveness of the entity's internal control. An audit also includes evaluation the appropriateness of accounting policies used and the reasonableness of accounting estimates made by management, as well evaluating the overall presentation of the financial statements. We believe that the audit evidence we have obtained is sufficient and appropriate to provide a basis for our audit opinion.

Opinion:

